

একান্তে আঁখি

এমন ধারণা করাটাই স্বাভাবিক ছিল চিত্রনায়ক আলমগীর তনয়া আঁখি আলমগীর চলচ্চিত্রের নায়িকা হবেন। বিশেষ করে শিশুশিল্পী হিসাবে 'ভাত দে' ছবিতে অভিনয়ের পর ধারণাটি আরও পাকাপোক্ত হয়েছে। কিন্তু ঘটল তার বিপরীত ঘটনা। আঁখির আত্মপ্রকাশ এবং প্রতিষ্ঠা দেখা গেল গায়িকা হিসাবে। গানকেই ভালবাসলেন তিনি। গ্যামার এবং গায়কী দিয়ে জয় করলে অনেক দর্শক-শ্রোতার হৃদয়। কথা হলো এই আঁখির সঙ্গে আন্দকণ্ঠের পক্ষ থেকে।

বর্তমান বাংলাদেশে লোকসঙ্গীতকে আধুনিক করার নামে যা করা হচ্ছে, তাকে আপনি কিভাবে দেখেন?

–ফোক গানের সঙ্গে মডার্ন মিউজিকের সমন্বয় ঘটানোর প্রচেষ্টাকে আমার কাছে ভাল একটি পদক্ষেপ বলেই মনে হয়েছে। তবে অনেক সময় পুরনো ফোক গানের সুর ভেঙ্গে নতুন গান করা হয়। এটা আমি পছন্দ করি না। আবার কখনওবা দেখা যায় অশ্লীল কথা ব্যবহার করা হচ্ছে। অশ্লীল কথার গানকে আমি কখনও আমাদের সংস্কৃতির সঙ্গে মেলাতে পারিনি।

ঃ বর্তমানে যে গান তৈরি হয় তা কিছুদিন পরই হারিয়ে যায়। এখনকার কোন গানই আর পুরনো দিনের গানের মতো আবেদন রাখতে পারছে না। কেন?

–আগে গান তৈরি হতো কম। কিন্তু এখন প্রচুর গান হচ্ছে। কারণ শিল্পীরা গানকে এখন জীবিকা হিসাবে নিচ্ছে। তাই ইচ্ছা না থাকলেও অনেক সময় অনেক ধরনের গান করতে হয়। তবে একেবারে যে ভাল গান তৈরি হচ্ছে না, তা কিন্তু নয়। এখনও অনেক গান তৈরি হচ্ছে যা সবার মন ছুঁয়ে যায়।

আপনার কোন ক্যাসেট আলোড়ন তুলতে সক্ষম হয়নি কেন?

– আমার কোন ক্যাসেট খুব বড় ধরনের হিট না হলেও চলেনি এমন ক্যাসেট কিন্তু নেই। ক্যাসেট যদি না চলত তাহলে প্রতি বছর কোম্পানি আমাকে দিয়ে ক্যাসেট করাত না। এ ছাড়া আমি যতদূর জানি “বিষের কাঁটা” একটা বড় ধরনের হিট ক্যাসেট।

ঃ কোন মাধ্যমে গান করতে আপনার সবচেয়ে বেশি ভাল লাগে?

– অডিও মাধ্যমে গান করতে সবচেয়ে বেশি ভাল লাগে। কেননা ক্যাসেটে সৃষ্টির একটা আনন্দ রয়েছে। নিজেকে সবটুকু উজাড় করে দেয়া যায়। মঞ্চও ভাল লাগে, তবে ওখানে অনেক সময় হিন্দী বা অন্যের গান গাইতে হয় যা আমার পছন্দ নয়।

ঃ দেশীয় বাংলা গানের বর্তমান অবস্থা কী?

–আমার মনে হয় খুবই ভাল একটা জায়গায় আমরা রয়েছি। যদিও নকল গান আমাদের সংস্কৃতিকে নষ্ট করতে বেশ তৎপর। তার পরও আমি বিশ্বাস করি এই অভিশাপ চিরদিনের নয়। সকল গান একদিন হারিয়ে যাবে। তখন আমাদের বাংলা গান আরও সুন্দর হবে।

ঃ আপনার আগামী দিনের ভাবনা কি?

–আসলে আমি তেমন কিছু ভাবছি না। কখনও ভাবিনি এতটা জনপ্রিয়তা পাব। আসলে আমি গান গাই নিজের জন্য। কিন্তু কখনও যে আমার গান দর্শকদের স্পর্শ করেছে বুঝতে পারিনি।

ঃ আপনার ভক্তদের উদ্দেশে কিছু বলুন।

– আমি এবং আমার গান সবই তাদের জন্য। আমি একেবারে নতুন একজন শিল্পী। এখনও শিখছি। তার পরও আমার ভক্তরা যা আমাকে দিয়েছে, তা পৃথিবীর সকল সুখের চেয়েও অনেক বড় সুখ।